**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ১৬ নভেম্বর ২০১৬, ২ অগ্রহায়ণ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে
: মারাকেশ সম্মেলনের ভাষণে প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রীকে মরক্কোর মারাকেশের বিমানবন্দরে লাল গালিচা সংবর্ধনা এবং গার্ড অব অনার প্রদান

৩। রাষ্ট্রপতির সঙ্গে ইন্দোনেশিয়ায় নবনিযুক্ত রাষ্ট্রদূতের সাক্ষাত

৪। নাসিরনগর, গোবিন্দগঞ্জ ও রায়পুরার ঘটনা বিচ্ছিন্ন : শিল্পমন্ত্রী

৫। পাটজাত পণ্য রপ্তানিতে ভারতকে বাড়তি শুল্ক প্রত্যাহারে বাণিজ্যমন্ত্রীর আহ্বান

৬। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওপর চাপ কমাতে
জনগণকে উদ্বুদ্ধ করার পরামর্শ স্বাস্থ্যমন্ত্রীর

৭। আগামী পনের দিনের মধ্যে মালয়েশিয়ায় জনশক্তি রফতানি শুরু

৮। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে চুরি যাওয়া অর্থের দেড় কোটি ডলার অ্যাকাউন্টে জমা

৯। ডিজিটাল গভর্নমেন্ট অ্যাওয়ার্ড পেল বাংলাদেশ

১০। ১০ টাকার চাল বিতরণে অনিয়মের অভিযোগে রংপুর বিভাগে ৬০ হাজার কার্ড বাতিল

১১। এসএসসির ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় করলে ম্যানেজিং কমিটি বাতিল

১২। এসএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ ফেব্রুয়ারি শুরু

১৩। সাতক্ষীরা সীমান্তে বিএসফের গুলিতে বাংলাদেশি নিহত

চলমান পাতা-২

১। **জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে**
**: মারাকেশ সম্মেলনের ভাষণে প্রধানমন্ত্রী**

জলবায়ু পরিবর্তনের ধাবমান হুমকির বিরুদ্ধে লড়াইয়ে ঐক্যবদ্ধ সহযোগিতার হাত প্রসারিত করার আহ্বান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার রাতে মারাকেশ জলবায়ু সম্মেলনের হাইলেভেল সেগমেন্টে ভাষণদানকালে প্রধানমন্ত্রী বলেন, আজকের এই দুর্লভ মুহূর্তে আসুন আমরা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে কাজ করি। ভবিষ্যত প্রজন্মের জন্য গড়ে তুলি নিরাপদ বাসযোগ্য পৃথিবী। সবাই সমান দায়িত্ব নিয়ে গড়ে তুলি এক সুন্দর পৃথিবী। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জলবায়ু উদ্বাস্তুদের অভিবাসনের ইস্যুর ব্যাপারে বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন, জলবায়ু উদ্বাস্তুদের অভিবাসনের চ্যালেঞ্জটি সঠিকভাবে মোকাবিলা করা না হলে আমরা কখনই টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জন করতে সমর্থ হব না। বৈশ্বিক জলবায়ু সম্মেলনে বক্তৃতাদানকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরাপদ খাবার পানি, স্যানিটেশনের বিষয়ে বিশ্ববাসীর দৃষ্টি আর্কষণ করেন। তিনি বলেন, 'আমাদের অবশ্যই নিরাপদ খাবার পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। আসুন আমরা পানি বিষয়ে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে একটি বৈশ্বিক তহবিল গঠন করি। এ তহবিলের অর্থ পানি বিষয়ে উদ্ভাবন ও প্রযুক্তি হস্তান্তরের কাজে ব্যবহার করা হবে'। এ সময় প্রধানমন্ত্রী বিশ্বের পানি নিরাপত্তা নিশ্চিতে পানি বিষয়ে জাতিসংঘের অ্যাকশন প্ল্যানের প্রতি তার সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**সমকাল, সংবাদ, যায়যায়দিন, অবজারভার, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **প্রধানমন্ত্রীকে মরক্কোর মারাকেশের বিমানবন্দরে লাল গালিচা সংবর্ধনা এবং গার্ড অব অনার প্রদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার সকালে মারাকেশের কপ-২২ এর সম্মেলনে যোগ দিতে মরক্কো পৌঁছালে বিমানবন্দরে মরক্কোর জাতীয় শিক্ষা ও কারিগরি প্রশিক্ষণ মন্ত্রী রাচিড বেলমোখতার বিনাবদেল্লাহ, মরক্কোয় নিযুক্ত বাংলাদেশের রাষ্টদূত সুলতানা লায়লা হোসেনসহ মরক্কো সরকার ও বাংলাদেশ দূতাবাসের ঊর্ধ্বতন কর্মকর্তারা প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। এ সময় প্রধানমন্ত্রীকে লাল গালিচা সংবর্ধনা এবং গার্ড অব অনার প্রদান করা হয়। বিমানবন্দরের আনুষ্ঠানিকতা শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মোটর শোভাযাত্রা সহকারে সফরকালীন আবাসস্থল হোটেল মামৌনিয়াতে নেওয়া হয়। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ, ইনকিলাব, ইত্তেফাক, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **রাষ্ট্রপতির সঙ্গে ইন্দোনেশিয়ায় নবনিযুক্ত রাষ্ট্রদূতের সাক্ষাত**

ইন্দোনেশিয়ায় নবনিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মেজর জেনারেল আজমল কবির গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাত করেছেন। বৈঠককালে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে চমৎকার দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। বন্ধুপ্রতিম দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সুযোগ রয়েছে উল্লেখ করে তিনি দুই দেশের পারস্পরিক লাভজনক এই সব সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে রাষ্ট্রদূতকে নির্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫)।

৪। **নাসিরনগর, গোবিন্দগঞ্জ ও রায়পুরার ঘটনা বিচ্ছিন্ন : শিল্পমন্ত্রী**

সম্প্রতি নাসিরনগর, গোবিন্দগঞ্জ এবং রায়পুরার সংঘর্ষের ঘটনা একেবারেই বিচ্ছিন্ন ঘটনা। দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির সঙ্গে এর কোনো সম্পর্ক নেই বলে উল্লেখ করেছেন আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভাপতি শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তবে এ ধরনের ঘটনা যাতে আর না ঘটে সেজন্য প্রকৃত দোষীদের আইনের আওতায় আনতে ব্যবস্থা নেওয়া হয়েছে। গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে সারাদেশের আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির এক বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৫। **পাটজাত পণ্য রপ্তানিতে ভারতকে বাড়তি শুল্ক প্রত্যাহারে বাণিজ্যমন্ত্রীর আহ্বান**

পাটজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশের যাতে কোনো ক্ষতি না হয় সেজন্য ভারতকে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার আহ্বান জানিয়ে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, পাট পণ্যের ওপর এ্যান্টি ডাম্পিং ডিউটি আরোপ করা খুবই দুঃখজনক। আমি মনে করি ভারত সরকার তা অনতিবিলম্বে প্রত্যাহারের সিদ্ধান্ত নেবে। গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'অ্যান্টি ডাম্পিং ডিউটি অন ইম্পোর্টস অব জুট অ্যান্ড প্রোডাক্টস ফ্রম বাংলাদেশ বাই ইন্ডিয়া : চ্যালেঞ্জ অ্যান্ড ওয়ে

আউট’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১) ।

**৬। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওপর চাপ কমাতে জনগণকে উদ্বুদ্ধ করার পরামর্শ স্বাস্থ্যমন্ত্রীর**

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওপর চাপ কমাতে অন্যান্য হাসপাতালে যাওয়ার জন্য জনগণকে উদ্বুদ্ধ করার পরামর্শ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, রাজধানীর প্রতিটি সরকারি হাসপাতালই উন্নত অবকাঠামো ও যন্ত্রপাতি দিয়ে গড়ে তোলা হয়েছে। বিশেষজ্ঞ চিকিৎসকরা নিয়মিত সেখানে সেবা দিচ্ছেন। গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার ঢাকার কৃষিবিদ ইনস্টিটিউশনে ‘নেগলেকটেড ট্রপিক্যাল ডিজিজেস অ্যান্ড লেপ্রোসি রিসার্চ’ শীর্ষক পরামর্শমূলক সম্মেলন উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

**৭। আগামী পনের দিনের মধ্যে মালয়েশিয়ায় জনশক্তি রফতানি শুরু**

মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্ত হচ্ছে। আগামী **১৫** দিনের মধ্যে জনশক্তি রফতানির প্রথম ফ্লাইট কুয়ালালামপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবে। গত **১৮** ফেব্রুয়ারি উভয় দেশের মন্ত্রী পর্যায়ের জি টু জি প্লাস স্বাক্ষরিত সমঝোতা স্মারকের ভিত্তিতেই প্রাথমিক পর্যায়ে নির্মাণ খাত, প্লান্টেশন ও মেনুফ্যাকচার খাতে কর্মী যাবে। গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার স্থানীয় একটি হোটেলে মালয়েশিয়ার মানবসম্পদ মন্ত্রী রিচার্ড রায়ট আনাক জায়েমের সাথে বাংলাদেশের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসির জনশক্তি রফতানি সংক্রান্ত দ্বিপাক্ষিক বৈঠকে এ বিষয়টি নিশ্চিত করা হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

**৮। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে চুরি যাওয়া অর্থের দেড় কোটি ডলার অ্যাকাউন্টে জমা**

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে চুরি যাওয়া প্রায় ৮ কোটি ডলারের মধ্যে এক কোটি ৪৬ লাখ ৩০ হাজার ডলার বাংলাদেশ ব্যাংকের অ্যাকাউন্টে জমা রয়েছে। গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার বাংলাদেশ ফিনানশিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের মহাব্যবস্থাপক দেবপ্রসাদ দেবনাথ এই তথ্য জানিয়েছেন। তিনি বলেন, দুই ধাপে এক কোটি ৪৬ লাখ ৩০ হাজার ডলার বাংলাদেশ ব্যাংকের অ্যাকাউন্টে জমা হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

**৯। ডিজিটাল গভর্নমেন্ট অ্যাওয়ার্ড পেল বাংলাদেশ**

সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এশিয়ান-ওশেনিয়ান কম্পিউটিং ইন্ডাস্ট্রি অরগনাইজেশনের (এএসওসিআইও) ‘ডিজিটাল গভর্নমেন্ট অ্যাওয়ার্ড-১৬’ পেয়েছে। আইসিটি ডিভিশনের নিরলস কর্মযজ্ঞ এবং সরকারি ব্যবস্থাপনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির লক্ষ্যণীয় প্রয়োগ এবং এর মাধ্যমে সরকারি সেবা প্রাপ্তিতে আমূল পরিবর্তনে সর্বাত্মক সহযোগিতার স্বীকৃতি হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে এ আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত করা হয়। মিয়ানমারের রাজধানী ইয়াঙ্গুনে আয়োজিত এএসওসিআইও-২০১৬’র জেনারেল এসেম্বলি অ্যান্ড আইসিটি সামিটে গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার এক অনুষ্ঠানের মাধ্যমে এ পুরস্কার দেওয়া হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৪,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

**১০। ১০ টাকার চাল বিতরণে অনিয়মের অভিযোগে রংপুর বিভাগে ৬০ হাজার কার্ড বাতিল**

হতদরিদ্রদের কাছে **১০** টাকা কেজি দরে চাল বিতরণে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে রংপুর বিভাগের আটটি জেলায় ৬০ হাজার ৩৬৫ টি কার্ড বাতিল করেছে খাদ্য বিভাগ। একই সঙ্গে **১৩** জন ডিলারের ডিলারশিপ বাতিল এবং ছয়টি মামলা করা হয়েছে। রংপুর বিভাগীয় খাদ্য কর্মকর্তা আবদুল্লাহ আল মামুন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, দ্রুতই এসব কার্ড প্রকৃত দুঃস্থদের নামে বরাদ্দ দেওয়ার কার্যক্রম শুরু করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬)।

**১১। এসএসসির ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় করলে ম্যানেজিং কমিটি বাতিল**

এসএসসির ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়কারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে কড়া হুঁশিয়ারি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এসব প্রতিষ্ঠানকে সতর্ক করতে গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার মন্ত্রণালয় থেকে এক বিজ্ঞপ্তি জারি করা হয়। এ বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, দেশের বিভিন্ন স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা **২০১৭** সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফরম পূরণের ক্ষেত্রে শিক্ষা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত ফি-র অতিরিক্ত অর্থ শিক্ষার্থীদের কাছ থেকে আদায় করছেন যা সরকারি বিধিবিধানের পরিপন্থী। অতিরিক্ত আদায়কৃত অর্থ অবিলম্বে শিক্ষার্থীদের ফেরত দিতে হবে। অন্যথায় ম্যানেজিং কমিটি বাতিলসহ প্রতিষ্ঠানপ্রধানদের বিরুদ্ধে প্রয়োজনীয়

আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬)**, অবজারভার** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

১২। **এসএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ ফেব্রুয়ারি শুরু**

এসএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ ফেব্রুয়ারী শুরু হবে। প্রায় **১২** লাখ শিক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে। গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪)।

১৩। **সাতক্ষীরা সীমান্তে বিএসফের গুলিতে বাংলাদেশি নিহত**

ভারতের সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে এক বাংলাদেশি নিহত হয়েছেন। গতকাল **১৫** নভেম্বর মঙ্গলবার ভোর সাড়ে চারটার দিকে সাতক্ষীরার কুশখালী সীমান্তের বিপরীতে ভারতের পশ্চিমবঙ্গের বসিরহাট মহকুমার খলিশা এলাকায় এ ঘটনা ঘটে। নিহত ব্যক্তির নাম মোসলেম আলী (২৮)। মোসলেম সাতক্ষীরা সদর উপজেলার বাঁশদাহ ইউনিয়নের পাঁচরকি গ্রামের জেহের আলীর ছেলে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ, ইনকিলাব, ভোরের কাগজ :** আগামী নির্বাচন কোনো কারণে যেন বিতর্কিত না হয় সেজন্য নির্বাচন কমিশন আইন প্রণয়নে সরকারের কাছে ইতিবাচক মনোভাবের প্রত্যাশা।

**খ.** **জনকণ্ঠ :** ঢাকার ফুটপাথকে দখলমুক্ত করতে হকার পুনর্বাসনে হলিডে মার্কেট পুনরায় চালু করার সুপারিশ।

**গ.** **প্রথম আলো :** ঢাকার মোহাম্মদপুর থেকে গাবতলী পর্যন্ত বেড়িবাঁধ দখল করে দোকানপাট গড়ে তোলার ঘটনা তুলে ধরে রাজউকসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বেড়িবাঁধসহ সব সরকারি জায়গা ও সড়ক অবিলম্বে দখলমুক্ত করার আহ্বান

**ঘ.** **সমকাল :** ঘূর্ণিঝড় সিডর ও আইলার আঘাতে উপকূলের বাঁধ ও সবুজ বেষ্টনীগুলো অনেকটাই নষ্ট হয়ে পড়ায় বন্যা নিয়ন্ত্রণে উপকূলীয় বাঁধ সংস্কার করা সময়োচিত দাবি বলে অভিমত

**ঙ.** **যুগান্তর, ডেইলী সান, নিউ এজ :** বিপন্ন সাঁওতাল জনগোষ্ঠীর পুনর্বাসনে জরুরি ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার সুপারিশ

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** নির্ধারিত সময়ে কাজ শেষ করতে না পারায় বিবিয়ানা পাওয়ার প্ল্যান্ট জাতীয় গ্রিডে যুক্ত হতে ব্যর্থ হওয়ার ঘটনা তুলে ধরে এ ব্যাপারে যথাযথ কর্তৃক্ষের হস্তক্ষেপ কামনা

**ছ.** **ডেইলি স্টার :** যাত্রাবাড়ি-কাঁচপুর মহাসড়ক অবৈধ দখলমুক্ত রাখতে সড়ক ও জনপথ অধিদপ্তরকে তাদের পরিচালিত অভিযান অব্যাহত রাখার সুপারিশ

**জ.** **নিউজ টুডে :** বস্তিবাসী ও নিম্ন শ্রেণীর জনগোষ্ঠীর আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করে তাদেরকে বিভিন্ন সামাজিক অপরাধ থেকে মুক্ত রাখার পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বরোপ

**ঝ.** **নিউ নেশন :** রাজধানীর বিভিন্ন কবরস্থান থেকে মৃতদেহ চুরি হয়ে যাওয়ার বিষয় তুলে ধরে কবরস্থানগুলোতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে

**উপ-সম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় বিদ্যমান রাষ্ট্র ব্যবস্থা, আজকের বাংলাদেশের অচল শিক্ষা ব্যবস্থার জন্ম দিয়েছে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে **'টেকসই উন্নয়নের জন্য বনভূমি সংরক্ষণ'** শিরোনামের নিবন্ধে মুসাহিদ উদ্দিন আহমদ উন্নয়নের পথে অগ্রসরমান বাংলাদেশের পরিবেশের ভারসাম্য রক্ষা করে উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে হলে বৃক্ষ নিধন বন্ধ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা